গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১৮.১৯-৯৭৭

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ।
০২ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়: বাংলাদেশ ও চীন সরকারের মধ্যে স্বাক্ষরিত Provision of Goods for Addressing the Climate Change বিষয়ক সমঝোতা স্মারক অনুসারে চীন হতে দ্রব্য অনুদান হিসাবে প্রাপ্য সর্বমোট ১৩ লক্ষ ১২ হাজার ৫০০ টি ৭ ওয়াট এলইডি ল্যাম্প গ্রহণের জন্য কাস্টমস্ ডিউটিসহ অন্যান্য বিল পরিশোধ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ও চীন সরকারের মধ্যে স্বাক্ষরিত Provision of Goods for Addressing the Climate Change বিষয়ক সমঝোতা স্মারক অনুসারে চীন হতে দ্রব্য অনুদান হিসাবে প্রাপ্য সর্বমোট ১৩ লক্ষ ১২ হাজার ৫০০ টি ৭ ওয়াট এলইডি ল্যাম্প চট্টগ্রাম বন্দর হতে সংগ্রহপূর্বক বিতরণের নিমিত্ত শুল্ক ট্যাক্সসহ অন্যান্য ব্যয় মিটানোর লক্ষ্যে ৪(চার) কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। কাস্টম হাউজের চাহিদা মোতাবেক উক্ত মালামাল গ্রহণে শুল্ক ট্যাক্স বাবদ ২,৬৯,৪৩,১৪৫/- (দুই কোটি উনসত্তর লক্ষ তেতাল্লিশ হাজার একশত পঁয়তাল্লিশ) টাকা বুক ট্রান্সফার পদ্ধতিতে পরিশোধ করা হবে। অন্যান্য ব্যয়ের জন্যও স্থানীয় সরকার বিভাগে পর্যাপ্ত বরাদ্দ আছে। ফলে উল্লিখিত মালামাল বন্দর কর্তৃপক্ষের নিকট হতে দ্রুত খালাসের লক্ষ্যে শুল্ক ট্যাক্স ব্যতীত অন্যান্য প্রয়োজনীয় ব্যয় চট্টগ্রাম সিটি কর্পোরেশন হতে পরিশোধ করে বিল দায়ের করা হলে তা অতিদ্রুত পরিশোধ করা হবে।

০২। এমতাবস্থায়, চীন হতে দ্রব্য অনুদান হিসাবে প্রাপ্য সর্বমোট ১৩ লক্ষ ১২ হাজার ৫০০ টি ৭ ওয়াট এলইডি ল্যাম্প গ্রহণের লক্ষ্যে শুল্ক ট্যাক্স ব্যতিরেকে অন্যান্য ব্যয় চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহপূর্বক উক্ত ব্যয় সমন্বয়ের জন্য স্থানীয় সরকার বিভাগে জরুরি ভিত্তিতে বিল দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি : ------------------পাতা।**

০২.১২.২০২০
(মোহাম্মদ ফারুক হোসেন)
উপসচিব
ফোন: ৯৫১৪১৪২

প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
চট্টগ্রাম।

**অনুলিপি: সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
০২। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। যুগ্মসচিব (ন: উ:-২, স্থানীয় সরকা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৫। প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।
০৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। অফিস কপি।

D:\All Document\LED China\LETER.doc-6

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০২৩. ০২০. ০০৪. ২০১৯- ১০৬৮

তারিখঃ ২৭ কার্তিক ১৪২৭ / ১২ নভেম্বর ২০২০

বিষয়: বাংলাদেশ সরকার ও চীন সরকারের মধ্যে স্বাক্ষরিত Provision of Goods for Addressing the Climate Change বিষয়ক সমঝোতা স্মারক অনুসারে চীন হতে দ্রব্য অনুদান হিসাবে প্রাপ্য ১২ লক্ষ ৫০ হাজার এবং অতিরিক্ত ৫% হিসেবে ৬২,৫০০টি সহ সর্বমোট ১৩ লক্ষ ১২ হাজার ৫০০টি এলইডি ল্যাম্প সরবরাহের লক্ষ্যে শুল্ক ট্যাক্সসহ অন্যান্য ব্যয় মিটানোর জন্য প্রয়োজনীয় অর্থ পুন: উপযোজন।

সূত্র: ১) পৌর-১ শাখার ইউ ও নোট নং-৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১৮.১৯-৯০৭ তারি: ১০/১১/২০২০ খ্রি:।
২) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-৫৪৭; তারিখ: ০৪/১১/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনক্রমে চীনের National Development and Reform Commission এবং স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মধ্যে Memorandum of Understanding Concerning the Provision of Goods for Addressing the Climate Change শিরোনামে গত ১৪/১০/২০১৬ খ্রি: তারিখে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় **(সংযুক্তি-০১)**। বাংলাদেশের ও চীন সরকারের মধ্যে স্বাক্ষরিত Provision of Goods for Addressing the Climate Change বিষয়ক MoU অনুযায়ী চীন বাংলাদেশকে দ্রব্য অনুদান হিসেবে ১২ লক্ষ ৫০ হাজার এবং অতিরিক্ত ৫% হিসেবে আরো ৬২,৫০০টি সহ সর্বমোট ১৩ লক্ষ ১২ হাজার ৫০০টি এলইডি ল্যাম্প সরবরাহ করবে। উক্ত পণ্য বাংলাদেশে প্রবেশের পর সকল ধরনের ট্যাক্স মওকুফ সুবিধা দিতে হবে মর্মে একটি সার-সংক্ষেপে মাননীয় প্রধানমন্ত্রী সদয় সম্মতি জ্ঞাপন করেছেন **(সংযুক্তি-০২)**। যার ভিত্তিতে MoU স্বাক্ষর করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ১৩ লক্ষ ১২ হাজার ৫০০টি এলইডি ল্যাম্প বাংলাদেশে প্রবেশের পর সকল ধরনের ট্রাক্স মওকুফের সুবিধা প্রদানের জন্য চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-কে অনুরোধ করা হয় **(সংযুক্তি-০৩)**।

০২। স্থানীয় সরকার বিভাগের পত্রের প্রেক্ষিতে শুল্ক-কর অব্যাহতির পরিবর্তে সংশ্লিষ্ট শুল্ক-করাদি খাতের হিসাব প্রাক্কলনপূর্বক অর্থ বিভাগ থেকে যথাযথ বরাদ্দ গ্রহণ করে তা নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড হতে জানানো হয়েছে **(সংযুক্তি-০৪)**।

০৩। উল্লেখ্য যে, ইতোমধ্যে বর্ণিত এলইডি ল্যাম্প সংগ্রহ করে একটি নির্দিষ্ট স্থানে সংরক্ষণের কার্যক্রম গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে অনুরোধ করা হয় **(সংযুক্তি-০৫)**। চট্টগ্রাম সিটি কর্পোরেশন জানিয়েছে **(সংযুক্তি-০৬)** ১১টি কন্টেইনারের মাধ্যমে ১৩,১২,৫০০ পিস ৭ ওয়াট এলইডি বাল্ব শীপমেন্ট সম্পন্ন করেছে এবং উক্ত শিপ বর্তমানে চট্টগ্রাম বন্দরের বর্হিনোঙ্গরে অবস্থান করছে। বন্দরে পৌছানোর পর কাস্টমস ক্লিয়ারেন্সের জন্য ট্যাক্স প্রদান সাপেক্ষে উক্ত মালামাল গ্রহণ করার ক্ষেত্রে সম্ভাব্য খরচ নিরুপনের জন্য জয়েন্ট কমিশনার (কাস্টমস) ও সি এন্ড এফ এজেন্টের সাথে যোগাযোগ করা হলে পণ্যসমূহ বন্দরে পৌছানোর পর থেকে ১৩ তম দিন পর্যন্ত সর্বমোট ২,৮০,৮৭,৪০৭/- (দুই কোটি আশি লক্ষ সাতাশি হাজার চারশত সাত) টাকা খরচের হিসাব নির্ণয় করেন। এছাড়া জাতীয় রাজস্ব বোর্ড ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বরাবরে ট্যাক্স মওকুফ ও ছাড়করণ সংক্রান্ত বিষয়ে কোন সিদ্ধান্ত না হওয়ায় কারণে উল্লিখিত বাল্বসমূহ ছাড়করণের জটিলতা সৃষ্টি হতে পারে মর্মে চট্টগ্রাম সিটি কর্পোরেশন জানিয়েছে। উল্লেখ্য সারা বাংলাদেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে উল্লিখিত পরিমাণ এলইডি ল্যাম্প সরবরাহের জন্য অতিরিক্ত ১(এক) কোটি টাকা প্রয়োজন হতে পারে।

MRahman

০৪। মোট ১৩ লক্ষ ১২ হাজার ৫০০টি এলইডি ল্যাম্প সংগ্রহের লক্ষ্যে ভ্যাট ট্যাক্স প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর পত্রের নির্দেশনার আলোকে শুল্ক ও করাদি খাতে ৪.০০ (চার) কোটি টাকা বরাদ্দের জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয় **(সংযুক্তি-০৭)**। অর্থ বিভাগ হতে মৌখিকভাবে জানানো হয় যে, এলইডি ল্যাম্প সরবরাহের লক্ষ্যে ভ্যাট ট্যাক্সসহ অন্যান্য ব্যয় মিটানোর জন্য অর্থ বিভাগের অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা খাত হতে কোন বরাদ্দ প্রদান করা হবে না। স্থানীয় সরকার বিভাগের নিজস্ব বাজেট হতে পুনঃউপযোজনের মাধ্যমে এ ব্যয় নির্বাহ করতে হবে।

০৫। বর্ণিতাবস্থায়, চীন হতে দ্রব্য অনুদান হিসাবে প্রাপ্য ১২ লক্ষ ৫০ হাজার এবং অতিরিক্ত ৫% হিসেবে ৬২,৫০০টি সহ সর্বমোট ১৩ লক্ষ ১২ হাজার ৫০০টি এলইডি ল্যাম্প সরবরাহের লক্ষ্যে শুল্ক ট্যাক্সসহ অন্যান্য ব্যয় মিটানোর জন্য এলজিইডির আওতাভুক্ত নির্বাহী প্রকৌশলীর কার্যালয়সমূহের ২০২০-২১ অর্থবছরে "গ্রামীণ সড়ক" (অর্থনৈতিক কোড নং-৩২৫৮১১২) উপখাতে বরাদ্দকৃত ২৪০০.০০ কোটি (দুই হাজার চারশত কোটি) টাকা হতে নিম্নোক্তভাবে পুন:উপযোজনের মাধ্যমে ৪.০০ (চার) কোটি টাকা বরাদ্দ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অংকসমূহ লক্ষ টাকায়

| কোড নং | বিবরণ | ২০২০-২১ অর্থবছরের বরাদ্দ | পুনঃউপযোজনের পরিমাণ (+/-) | পুনঃউপযোজনের পর বরাদ্দ |
|---|---|---|---|---|
| ১৩৭০৩০৪০০০০০০ – নির্বাহী প্রকৌশলীর কার্যালয়সমূহ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | | | | |
| ***৩২৫৮১১২ | গ্রামীণ সড়ক | ২৪,০০,০০ | *(-) ৪০০ | ২৩,৯৬,০০ |
| | মোট | ২৪,০০,০০ | ৪০০ | ২৩,৯৬,০০ |
| ১৩৭০১০১১১৯৯০৮ – সচিবালয়, স্থানীয় সরকার বিভাগ | | | | |
| ৩২২১১০৬ | পরিবহন ব্যয় | ০ | (+) ৩০ | ৩০ |
| ৩২২১১১৪ | বন্দর চার্জ | ০ | (+) ৮০ | ৮০ |
| ৩২৫৬১০১ | সাধারণ সরবরাহ | ০ | (+) ১০ | ১০ |
| ৩৮২১১০১ | কাস্টমস শুল্ক | ০ | (+) ২৮০ | ২৮০ |
| | মোট | ০ | ৪০০ | ৪০০ |

* অর্থ বিভাগের ২৩/০৭/২০২০ তারিখের ০৭.১১১.০২০.০১.০০.০০২.২০১০-২৭০ সংখ্যাক পত্রের (অনুলিপি সংযুক্ত) মাধ্যমে অনুমোদিত বিভাজন অনুযায়ী জরুরি/অনির্ধারিত রক্ষণাবেক্ষণ খাতের (১০%) ২৪০.০০ কোটি টাকা হতে।

সংযুক্তি: বর্ণনামতে।


এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৯৫৭৭৫৭৩
E-mail: **lgadmin1@lgd.gov.bd**


অনুলিপিঃ

০১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।

০২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ